গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
উন্নয়ন-৩ শাখা
www.shed.gov.bd

নম্বর-৩৭.০০.০০০০.৮৩.১১.১৯৮.২০২২-৩৫২

তারিখঃ ১৯ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
০৪ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

# প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ০২/০২/২০২৩ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২৪৮২.২০২১-১১ সংখ্যক পত্রের সুপারিশক্রমে এ প্রজ্ঞাপনের ৩নং অনুচ্ছেদে বর্ণিত প্রার্থীকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) এর শূন্য পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুসারে ১০ম গ্রেডে টাকা ১৬,০০০/--৩৮,৬৪০/- বেতনক্রমে নিম্নবর্ণিত শর্তে অস্থায়ী ভাবে নিয়োগ প্রদান করা হলো:

(ক) তাকে সরকার/নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বুনিয়াদি প্রশিক্ষণ এবং অন্যান্য প্রশিক্ষণ ও পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে;

(খ) তাকে ০২(দুই) বৎসর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। প্রয়োজনে সরকার এ শিক্ষানবিসকাল অনুর্ধ্ব দুই বছর বর্ধিত করতে পারবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে;

(গ) উপানুচ্ছেদ (ক)-এ উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন, বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ এবং শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে প্রযোজ্য শর্ত সাপেক্ষে তাকে চাকরিতে স্থায়ী করা যাবে;

(ঘ) উপানুচ্ছেদ (ক)-এ উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাকে একজন জামানতদাতাসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি যদি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩(তিন) বছরের মধ্যে চাকরি হতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ভ্রমণ ভাতা/অন্যান্য ভাতাদি ও তার প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বন্ড দাখিল করে তাকে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে;

(ঙ) তার ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তার কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঘ) অনুযায়ী তার নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে;

(চ) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপবিধি অনুযায়ী তার এবং তার পরিবারের সদস্যদের মালিকানাধীন/ দখলে থাকা সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র তাকে চাকরিতে যোগদানের তারিখ হতে ০১ (এক) মাসের মধ্যে প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর বরাবর জমা দিতে হবে। এ ছাড়া উক্ত বিধিমালার ১৩(২) উপবিধি অনুযায়ী প্রতি পাঁচ বছর পর পর ডিসেম্বর মাসে প্রদর্শিত সম্পত্তির হ্রাস/বৃদ্ধির হিসাব বিবরণী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর বরাবর জমা দিতে হবে। দাখিলকৃত সম্পদ বিবরণী শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক সংরক্ষণ করতে হবে।

(ছ) যদি তিনি কোনো বিদেশি নাগরিক বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ থাকেন তবে তার এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(ঝ) চাকরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং যৌতুক দিবেন না;

(জ) তার কর্তৃক দাখিলকৃত কাগজপত্র ও তথ্যাদি পরবর্তীতে ভুল/সঠিক নয়/ভূয়া/জাল মর্মে প্রমাণিত হলে এ নিয়োগ আদেশে বাতিল বলে গণ্য হবে;

(ঞ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রযোজ্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তার চাকরি নিয়ন্ত্রিত হবে;

(ট) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোনো প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না;

২। ১নং অনুচ্ছেদে বর্ণিত শর্তাবলী তার নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ২১ অগ্রহায়ণ ১৪৩০/ ০৬ ডিসেম্বর ২০২৩ তারিখ শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকায় যোগদান করার জন্য তাকে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে সংশ্লিষ্ট প্রার্থী চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে।

৩। দপ্তর/সংস্থা: শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
পদের নাম: উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)

| বিপিএসসি'র মেধাক্রম | বিপিএসসি'র রেজিস্ট্রেশন নং | নাম | নিজ জেলা |
|---|---|---|---|
| ৮০৪ | ৫০০৩০৪ | জনাব মোঃ নোমান হোসেন | ভোলা |

৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

০৪/১২/২০২৩
(আম্বিয়া সুলতানা)
সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন-৩)
ফোন: ০২৫৫১০১১০৪
ই-মেইল- ds_dev3@moedu.gov.bd

নং-৩৭.০০.০০০০.৮৩.১১.১৯৮.২০২২-৩৫২/১(১৭)

তারিখঃ ১৯ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
০৪ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৫। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের বর্ণিত উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) পদে নিয়োগের সংবাদ বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশনসহ গুরুত্বপূর্ণ সংবাদ মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৬। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (তাকে নব নিয়োগপ্রাপ্ত কর্মকর্তার যোগদানের পর আচরণ, দায়িত্ব-কর্তব্য প্রভৃতি সম্পর্কে ব্রিফিং সেশনের আয়োজনকরন, ব্রিফিং সেশনের পর শিক্ষানবিস উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) হিসেবে পদায়ন প্রদান এবং তার নিজ জেলায় পদায়ন না করার জন্য অনুরোধ করা হলো)।
৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৮। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৯। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (তাকে প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করে মুদ্রিত প্রজ্ঞাপনের ২ (দুই) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
১০। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সিনিয়র সহকারী সচিব, উদ্বৃত্ত কর্মচারী শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
১৪। জনসংযোগ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
১৬। জনাব ..........................................................
১৭। অফিস কপি।

০৪/১২/২০২৩
(আম্বিয়া সুলতানা)
সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন-৩)